সমকাল

তারিখ ... 22 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

গণহিস্টিরিয়া

# ফরিদপুরে ৩১ স্কুলছাত্রী অসুস্থ, হাসপাতালে ভর্তি

■ ফরিদপুর অফিস

ফরিদপুর সদরের খলিলপুর উচ্চ বিদ্যালয়ের ৩১ ছাত্রী গণহিস্টিরিয়ায় আক্রান্ত হয়ে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছে। ওই বিদ্যালয়ের বিজ্ঞান বিষয়ের শিক্ষক ইয়াছিন মুন্সী বলেন, সকাল ১০টায় বিদ্যালয়ের অ্যাসেম্বলি শুরু হয়। ১০টা ১০মিনিটে সপ্তম শ্রেণীর মেহেদী হাসান নামের এক ছাত্র অসুস্থ হয়ে পড়ে। এ সময় বিদ্যালয়ের শিক্ষকরা তাকে দ্রুত একটি খাবার স্যালাইন খাওয়ান।

তিনি বলেন, এ সময় বিদ্যালয়ের মাঠ থেকে শ্রেণীকক্ষে যাওয়ার পথে ১০-১২ ছাত্রী অসুস্থ হয়ে পড়ে। এতে ছাত্রছাত্রীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়লে তাৎক্ষণিক বিদ্যালয় ছুটি দেওয়া হয় এবং অসুস্থদের নিয়ে বিদ্যালয়ের শিক্ষকরা হাসপাতালে রওনা হন। ওই শিক্ষক আরও বলেন, বাড়ি যাওয়ার পথে এবং বাড়িতে পৌঁছেও আরও অনেকে অসুস্থ হয়ে পড়ে। পরে তাদের স্বজন ও এলাকাবাসী ছাত্রীদের নিয়ে হাসপাতালে ভর্তি করান। অসুস্থ ছাত্রী ইমা আক্তার বলে, 'হঠাৎ করে আমার মাথাব্যথা, বমি বমিভাব হাত-পা ঝিনঝিন করে ও শ্বাসকষ্ট হওয়ার পর জ্ঞান হারাই। তারপর কী হয়েছে, তা আমার জানা নেই।'

ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. রাধেশ্যাম সাহা জানান, এটি একটি হিস্টিরিয়া, এক ধরনের মানসিক রোগ। এতে আতঙ্কগ্রস্ত হওয়ার কিছুই নেই। গণহিস্টিরিয়ায় আক্রান্ত হলে এমন পরিবেশেরই সৃষ্টি হয়ে থাকে। ভর্তি সব রোগীকে চিকিৎসা দেওয়া হয়েছে।

খলিলপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান মিয়া বলেন, হঠাৎ করেই ছেলেমেয়েরা অসুস্থ হয়ে পড়তে থাকে। পরে তাদের দ্রুত হাসপাতালে নিয়ে আসি। তিনি বলেন, দুপুর ১টা পর্যন্ত বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণীর ৩১ ছাত্রীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ছাড়া দুই ছাত্র মেহেদী ও বাপ্পী প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি চলে গেছে।

সিদ্দিকুর রহমান বলেন, জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে আগামী শনি ও রোববার বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে।

এর আগে শিবরামপুর আরডি একাডেমিতে গত ১৮ জানুয়ারি ও ১৯ জানুয়ারি আরও ৭৭ ছাত্রী গণহিস্টিরিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়। দু'দিন চিকিৎসা শেষে তারা সবাই সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছে।